

তারিখ
পৃষ্ঠা ... কসাম ...

স্টামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশ প্রতিষ্ঠার ফলে ছাত্র-ছাত্রীদেরকে বিদেশী ডিগ্রী অর্জনে বিদেশে যাওয়ার প্রয়োজন হবে না

বিশেষ প্রতিবেদন। গত ৫/১/২০০২ইং তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের কর্তৃক (সূত্র নং শি:ম:শা: ১৪/৮ বে:বি:-১০/২০০১/৫৫ তারিখ: ৫/১/২০০২ইং) স্টামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশ -কে বেসরকারী বিশ্ববিদ্যালয় হিসাবে অনুমোদন দেয়া হয়।

বিশ্ববিখ্যাত স্টামফোর্ড ইউনিভার্সিটি এন্ড কলেজ গ্রুপ এর Franchise campus হিসাবে স্টামফোর্ড কলেজ গ্রুপ বাংলাদেশে ১৯৯৪ সালে শিক্ষা কার্যক্রম শুরু করে অদ্যাবধি অত্যন্ত সুনামের সাথে international accreditation body - AACSB (The American Assembly of Collegiate School of Business), SACS (Southern Association of Colleges and Schools) ও NCPSA (National Council for Private School Accreditation) এর স্বীকৃতিপ্রাপ্ত বিদেশী বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অধীনে BBA, MBA, B.Sc. in Computer Science & Engineering এবং B.Sc. in Computer Information System

প্রোগ্রাম চালিয়ে আসছে। এ পর্যন্ত প্রায় ৩০০ জন ছাত্র-ছাত্রী অত্র প্রতিষ্ঠান থেকে গ্রাজুয়েট ও এম.বি.এ. ডিগ্রী অর্জন করে দেশে ও বিদেশে বিভিন্ন ন্যাশনাল ও ইন্টারন্যাশনাল প্রতিষ্ঠানে কর্মরত আছেন এবং প্রায় ৭০ জন ছাত্র-ছাত্রী Credit transfer করে বিদেশের বিভিন্ন খ্যাতি সম্পন্ন বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করছে যার মধ্যে কিছু সংখ্যক ইতিমধ্যে ডিগ্রী অর্জন করেছে। বর্তমানে অত্র প্রতিষ্ঠানের বিভিন্ন প্রোগ্রামে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীর সংখ্যা প্রায় ৯০০ জন।

স্টামফোর্ড কলেজ গ্রুপ বাংলাদেশ ইতিমধ্যে AACSB (Association for the Advancement of Computing in Education) accreditation body - এর অনুমোদন পেয়েছে এবং ব্যবসা সংক্রান্ত শিক্ষার সর্বোচ্চ international accreditation body AACSB এর অনুমোদন লাভের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়াও আমেরিকান সরকারের ৬টি শিক্ষা বোর্ডের একটি SACS এর অনুমোদনের বিষয়টিও প্রক্রিয়াধীন যা

অবিলম্বে কার্যকর হওয়ার ব্যাপারে পূর্ণ নিশ্চয়তা পাওয়া গেছে।

উল্লেখ্য যে, স্টামফোর্ড হচ্ছে বাংলাদেশের প্রথম বিশ্ববিদ্যালয় যা international accreditation body - AACSB এবং SACS এর অনুমোদন পেতে যাচ্ছে। যার ফলে, এই বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী ইউরোপ এবং আমেরিকা সহ বিশ্বের যেকোন দেশে সমমানে মূল্যায়িত হবে। এ ছাড়াও অত্র বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা বিশ্বের ২৭ টি বিশ্ববিদ্যালয়ে সরাসরি Credit transfer করার সুযোগ পাচ্ছে।

স্টামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশ স্থাপিত হওয়ার কারণে বর্তমানে অধ্যয়নরত এবং ভবিষ্যতে ভর্তি হতে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের বিদেশে গিয়ে ডিগ্রী নেয়ার প্রয়োজন হবে না, কারণ এই বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী সমগ্র বিশ্বে সমমানে স্বীকৃত।

স্টামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশ এর বিভিন্ন প্রোগ্রামে ভর্তির প্রক্রিয়া ইতিমধ্যে শুরু হয়েছে।

সিটি-